যুগান্তর

তারিখ ... 18 JUN 2016 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ২ ...

# ফজিলাতুন্নেসা মুজিব হাসপাতালকে অ্যাম্বুলেন্স দিল নর্থসাউথ ভার্সিটি

'গৌরবের দুই যুগ পূর্তি' উদযাপন উপলক্ষে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে নর্থসাউথ ইউনিভার্সিটির বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজ এবং তারেক মেমোরিয়াল হাসপাতালকে ২টি অ্যাম্বুলেন্স উপহার দিয়েছে। ১৫ জুন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে হাসপাতাল কর্তৃপক্ষের কাছে অ্যাম্বুলেন্সের চাবি হস্তান্তর করেন এনএসইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এমএ কাশেম।

অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সদস্য সচিব শেখ হাফিজুর রহমান, সদস্য মেজর জেনারেল (অব.) আবদুল হাফিয মল্লিক, সদস্য শাহানা ইয়াসমিন শম্পা, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজের প্রধান নির্বাহী কর্মকর্তা জায়তুন বিনতে সোলায়মান অ্যাম্বুলেন্সের চাবি গ্রহণ করেন। অনুষ্ঠানে দৈনিক কালের কণ্ঠের সম্পাদক ইমদাদুল হক মিলন ও এনএসইউ ট্রাস্টি বোর্ডের সদস্য এবং ভিসি অধ্যাপক আতিকুল ইসলাম, ডিন এবং একাডেমিক ও প্রশাসনিক প্রধানরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।